



"শিক্ষা নিয়ে গড়ব দেশ"
শেখ হাসিনার বাংলাদেশ"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
মাদ্রাসা শাখা-২
(www.tmed.gov.bd)

নং- ৫৭.০০.০০০০.০৮৫.২১.১৮১.১৮-২২১

তারিখ: ০৮ অগ্রহায়ণ ১৪২৭ বঙ্গাব্দ
২৩ নভেম্বর ২০২০ খ্রিস্টাব্দ

বিষয়: এবতেদায়ী শিক্ষা সমাপনী পরীক্ষা কার্যক্রম কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগে ন্যস্তকরণ।

- সূত্র: ১. প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৮.০০.০০০০.০০৮.৩৫.০০২.১৮-২৬২, তারিখ: ০৬.০৮.২০২০খ্রি।
২. কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের স্মারক নং-নং- ৫৭.০০.০০০০.০৮৫.২১.১৮১.১৮-১৩২, তারিখ: ১২.০৮.২০২০খ্রি।
৩. প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৮.০০.০০০০.০০৮.৩৫.০২৩.১৮-৩৯৫, তারিখ: ১৮.১১.২০২০খ্রি।

উপর্যুক্ত বিষয়ে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় হতে জানানো হয়েছে যে, ২০০৯ সাল থেকে প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা চালু হয়। এরই ধারাবাহিকতায় ২০১০ সাল থেকে প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষার সাথে এবতেদায়ী শিক্ষা সমাপনী পরীক্ষা শুরু হয়। সেই থেকে প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা এবং এবতেদায়ী শিক্ষা সমাপনী পরীক্ষা প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের অধীন পরিচালিত হয়ে আসছে।


০২. ২০১৯ সাল পর্যন্ত এবতেদায়ী শিক্ষা সমাপনী পরীক্ষা প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের অধীনে পরিচালিত হয়েছে। কোভিড-১৯ পরিস্থিতির কারণে ২০২০ সালের প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা অনুষ্ঠিত হয়নি।

০৩. ৩০.১১.২০১৬ তারিখে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ নামে একটি পৃথক বিভাগ সৃষ্টি পর থেকে মাদ্রাসা শিক্ষার কার্যক্রম কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ থেকে পরিচালিত হচ্ছে বিধায় এবতেদায়ী শিক্ষা সমাপনী পরীক্ষার সকল কার্যক্রম এ বিভাগ থেকে পরিচালনার জন্য প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় হতে অনুরোধ জানানো হয়েছে।

০৪. যেহেতু মাদ্রাসার এবতেদায়ী স্তরটি কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ সংশ্লিষ্ট এবং বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড সংশ্লিষ্ট সেহেতু এবতেদায়ী সমাপনী পরীক্ষা সংক্রান্ত কার্যক্রম বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড কর্তৃক গ্রহণ করা আবশ্যিক।

০৫. এমতাবস্থায়, আগামী ২০২১ সন হতে এবতেদায়ী শিক্ষা সমাপনী পরীক্ষার সকল কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: ০১ (এক) পাতা।


(সৈয়দ আসগর আলী)
সহকারী সচিব (মাদ্রাসা-২)
৯৫৪৫৭২০

চেয়ারম্যান
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড
বক্শিবাজার, ঢাকা।

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, গার্লস গাইস হাউস (৭ম তলা) নিউ বেইলি রোড, ঢাকা।
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

- ৭। অতিরিক্ত সচিব (মাদ্রাসা) এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৮। অফিস কপি।